বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
bgfcl.org.bd

**২৯ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৯৮তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৯ জুন ২০২৫ |
| সভার সময় | দুপুর ২.৩০ টা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

ব্যবস্থাপনা পরিচালক অনলাইনে অংশগ্রহণকারী এবং কোম্পানির প্রধান কার্যালয়ের বোর্ড রুমে উপস্থিত সকলকে জুন'২৫ মাসের/৯৮তম সমন্বয় সভায় স্বাগত জানান। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য অনলাইনে উপস্থিত কোম্পানি সচিব-কে অনুরোধ জানালে তিনি বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **২.০।** | **অপারেশন ডিভিশন:** | | | |
| ২.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ও মেঘনা ফিল্ড:**<br>উপমহাব্যবস্থাপক (পুরকৌশল) সভাকে অবহিত করেন যে, গত সমন্বয় সভার নির্দেশনা মোতাবেক তিতাস-ই লোকেশনের সার্ফেসের পানি ড্রেন-আউটের জন্য স্থায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তবে, তিতাস-এ, বি এবং প্রধান কার্যালয়ের ভূ-উপরিস্থ পানির ড্রেন-আউটের জন্য হাইওয়ের কাজ শেষে সর্বশেষ অবস্থা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। চলমান প্রকল্পের আওতায় মেঘনা ফিল্ডে কূপের ওয়ার্কওভার সম্পাদন করা হলে পানি উৎপাদন কম হবে মর্মে সভায় জানানো হয়। | ১। তিতাস-এ, বি এবং প্রধান কার্যালয়ের ভূ-উপরিস্থ পানির ড্রেন-আউটের উদ্যোগ গ্রহণ করতে হবে;<br><br>২। মেঘনা কূপ হতে গ্যাসের সাথে আসা পানি পরিবেশবান্ধব উপায়ে সংরক্ষণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:** বিগত সমন্বয় সভায় হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ডের টেলিকমিউনিকেশন টাওয়ার অবলোপনের বিষয়ে জিএম (এমআইসিটি), উপমহাব্যবস্থাপক (ইএমটি), উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)সহ ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, টাওয়ার ৩টি বিটিআরসি-এর তালিকাভুক্ত ছিল বিধায় এগুলো ডিসমেন্টাল বিষয়ে বিটিআরসি-র সাথে যোগাযোগ করা হয়। টাওয়ারে স্থাপিত ডিভাইসসমূহ বিটিআরসি-তে জমা প্রদানের প্রেক্ষিতে টাওয়ারসমূহ ডিসমেন্টাল করতে কোন বাধা নেই মর্মে তাঁরা মতামত প্রদান করেন। টাওয়ারসমূহ ভাড়া প্রদানের বিষয়ে মহাব্যবস্থাপক (অপারেশন) সভায় অভিমত ব্যক্ত করেন যে, ভূমি অধিগ্রহণের কারণে নরসিংদী ফিল্ডের আয়তন অত্যন্ত সংকুচিত হয়ে পড়ায় ফিল্ডের টাওয়ারটি ভাড়া প্রদানের পরিবর্তে Dismantle করে নিলামে বিক্রয় করাই যৌক্তিক হবে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ডের টেলিকমিউনিকেশন টাওয়ার ৩টি 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের বিষয়ে কমিটির প্রস্তাবনা/ প্রতিবেদন জরুরি ভিত্তিতে দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস)/ (নরসিংদী)/ (হবিগঞ্জ) |
| | | **গ) নরসিংদী ফিল্ড:** উপমহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের অধিগ্রহণকৃত ভূমির অর্থ প্রদানের জন্য ভেল্যু অ্যাসেসমেন্ট হচ্ছে এবং শীঘ্রই সরকারি নিয়মানুযায়ী ক্ষতিপূরণ পাওয়া যাবে বলে জানা গেছে। এ অধিগ্রহণের ফলে কর্মকর্তা আবাসন ভেঙ্গে ফেলতে হচ্ছে বিধায় নিরবচ্ছিন্ন গ্যাস উৎপাদন অব্যাহত রাখার স্বার্থে কর্মকর্তা আবাসন পুনর্নির্মাণ করা অত্যাবশ্যক। বিষয়টি সদয় দিক নির্দেশনার জন্য পুনরায় কোম্পানির বোর্ড সভায় উপস্থাপন করা যেতে পারে।<br><br>এছাড়া, ফিল্ডের মেইন গেইটের অবস্থান ও পরিমাপ নির্ধারণ বিষয়ে গঠিত কমিটি পর্যালোচনা করেছে। তবে, হাইওয়ের কাজ শুরু হওয়ার পর ফিল্ডের বাস্তব অবস্থা দেখে ব্যবস্থা গ্রহণ ফলপ্রসূ হবে মর্মে মহাব্যবস্থাপক (অপারেশন) সভায় অভিমত ব্যক্ত করেন। | নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের অধিগ্রহণকৃত ভূমিতে আবাসন ভেঙ্গে ফেলতে হচ্ছে বিধায় কর্মকর্তাদের আবাসন পুনর্নির্মাণের বিষয়ে সদয় দিক নির্দেশনার জন্য পুনরায় কোম্পানির বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/ (পুরকৌশল) |
| ২.২। | | **কামতা ফিল্ড:** সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভূতুড়ে ভবনটি পরিষ্কার-পরিচ্ছন্ন/ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য টিজিটিডিএসএল কর্তৃপক্ষ বরাবর পুনরায় পত্র প্রদান করা হয়েছে। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভূতুড়ে ভবনটি পরিষ্কার-পরিচ্ছন্ন/ সংস্কার করার বিষয়ে টিজিটিডিএসএল-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| ৩.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, তিতাস-জি লোকেশনে কম্প্রেসর ফাউন্ডেশন, কন্ট্রোল বিল্ডিং, এমসিসি বিল্ডিং ও জেনারেটর বিল্ডিং নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। কম্প্রেসর ফাউন্ডেশনের উপর ৩টি কম্প্রেসর স্থাপন করা হয়েছে। সার্বিকভাবে ৯০% কাজ সম্পন্ন হয়েছে।<br><br>তিতাস-ই লোকেশনে ২টি কম্প্রেসর ফাউন্ডেশন নির্মাণ সম্পন্ন হয়েছে। ০১.০৭.২০২৫ তারিখে অবশিষ্ট ১টি ফাউন্ডেশনের ঢালাই করা হবে। কন্ট্রোল বিল্ডিং, এমসিসি বিল্ডিং ও জেনারেটর বিল্ডিং নির্মাণ কাজ ৯০% সম্পন্ন হয়েছে।<br><br>কম্প্রেসর, ইঞ্জিন, কুলার ও প্রোডাকশন সেপারেটর সহ প্রায় ৯০% মালামাল শিপমেন্ট হয়েছে এবং ৮০% মালামাল সাইটে পৌঁছেছে।<br><br>গত ২৬.০৬.২০২৫ তারিখে ৬২০.১৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং মার্চ ২০২১ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত মেয়াদ সম্বলিত প্রকল্পটির ১ম আরডিপিপি'র প্রশাসনিক অনুমোদন জারি হয়েছে। | ওয়েলহেড কম্প্রেসর স্থাপন, টেস্টিং ও কমিশনিং অক্টোবর, ২০২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>প্রকল্পের আরডিপিপি-এর অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.২। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, বাখরাবাদ-৬ ও ৭ এবং মেঘনা-১নং কূপ ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় ৫টি গ্রুপের ওয়ার্কওভার মালামালের মধ্যে ২টি গ্রুপের মালামাল সংগ্রহের জন্য ঠিকাদারকে NOA প্রেরণ করা হয়েছে। ঠিকাদার Performance Security দাখিল করেছে যা সংশ্লিষ্ট ব্যাংক হতে যাচাই করা হয়েছে এবং ঠিকাদারদের সাথে শীঘ্র চুক্তি স্বাক্ষর করা হবে। অবশিষ্ট ৩টি গ্রুপের মালামাল সংগ্রহের জন্য NOA প্রেরণের পূর্বে অতিরিক্ত অর্থ ব্যয়ের অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>উক্ত ৩টি কূপ ওয়ার্কওভারের জন্য ৩টি ক্যাটাগরিতে (Wireline Logging, Wireline Operation এবং Drill Stem Test) তৃতীয় পক্ষীয় প্রকৌশল কাজের ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আহ্বানকৃত আন্তর্জাতিক দরপত্র-দলিল এর বিপরীতে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরি ও আর্থিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন ২৪-০৬-২০২৫ তারিখে অনুষ্ঠিত বিজিএফসিএল বোর্ডের ৭৩২তম সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। বোর্ড Wireline Operation এবং Drill Stem Test ক্যাটাগরিতে মূল্যায়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত কারিগরি ও আর্থিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনসহ কারিগরি মূল্যায়নে গ্রহণযোগ্য ও আর্থিকভাবে সর্বনিম্ন দরপত্রদাতাদের অনুকূলে NOA প্রেরণ ও তাদের সাথে চুক্তি স্বাক্ষর অনুমোদন করেন। পাশাপাশি Wireline logging ক্যাটাগরিতে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরি ও আর্থিক মূল্যায়ন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনার জন্য পরিচালনা পর্ষদের কারিগরি কমিটির নিকট উপস্থাপনের নির্দেশনা প্রদান করে। | হবিগঞ্জ-৫ এর ওয়ার্কওভার ১ অক্টোবর ২০২৫ তারিখে শুরু করার লক্ষ্যে কার্যক্রম এগিয়ে নিতে হবে।<br><br>প্রকল্পের বৈদেশিক মালামাল দ্রুত সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৩। | হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ৩-ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে Explosive সংগ্রহ, Recording System with Hardware & Software মালামাল ক্রয়, QC & Field Processing Equipment and Drilling Machine with Accessories ক্রয়ের লক্ষ্যে Purchase Order ইস্যু, চুক্তি সম্পাদন ও LC খোলা হয়েছে। বনাঞ্চলে জরিপ কার্যক্রম পরিচালনার অনুমোদনের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। এছাড়া, অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের কাজ প্রক্রিয়াধীন আছে। মাঠ পর্যায়ের কাজে সার্বিক সহযোগিতার জন্য স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | বাপেক্স-এর মাধ্যমে যথাসময়ে ৩-ডি সাইসমিক জরিপ কার্যক্রম শুরু করার নিমিত্ত সচেষ্ট ও তৎপর হতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৪। | তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ৩টি (তিতাস কূপ নং ২৮, ২৯ ও ৩০) ও কামতা ফিল্ডে ১টি কূপ সমন্বিতভাবে খননের জন্য ১০-০৪-২০২৫ তারিখে খনন ঠিকাদার CCDC, China এর সাথে চুক্তি সম্পাদিত হয়। উক্ত কূপ খনন কাজে ৩টি ক্যাটাগরিতে পরামর্শ নিয়োগের নিমিত্ত RFP ডকুমেন্টের বিপরীতে প্রাপ্ত প্রস্তাবের উপর কারিগরি মূল্যায়ন শেষে বোর্ড সভায় উপস্থাপন করা হচ্ছে। ড্রিলিং প্যাড-এ বালি ভরাট কাজ শেষ পর্যায়ে আছে। দ্রুত ঠিকাদারকে ল্যান্ড হস্তান্তর করা হবে। অনুমোদিত ডিপিপি-এর আলোকে অন্যান্য পূর্ত কাজসমূহের দরপত্র প্রকাশ করা হয়েছে। CCDC-র বেইস ক্যাম্পের জন্য জায়গা নির্ধারণ করা হয়েছে। | তিতাস কূপ নং ২৮, ২৯ ও ৩০ এর ড্রিলিং প্যাড ১০.৬.২০২৫ তারিখের মধ্যে ঠিকাদারকে হস্তান্তর করতে হবে।<br><br>তিতাসে পাইপ লাইন নির্মাণের নিমিত্ত দরপত্র আহ্বান করতে হবে এবং<br><br>ডিপিপি'তে উল্লেখিত কাজসমূহ যথাসময়ে সম্পাদন এবং খনন মালামাল দ্রুত সাইটে পৌঁছানোর বিষয়ে সচেষ্ট হতে হবে। প্রকল্পের অন্যান্য কাজসমুহ ডিপিপি'র আলোকে দ্রুততার সাথে শেষ হওয়ার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৫। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় বিজিএফসিএল-এর ৮টি কূপের ওয়ার্কওভার ও ৬টি কূপ ড্রিলিং (২টি ডিপ-ড্রিলিংসহ) অন্তর্ভুক্ত আছে। এছাড়া, ২০২৬-২৮ মেয়াদে সম্পাদিতব্য ১০০টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমের মধ্যে বিজিএফসিএল-এর ১২টি কূপের ওয়ার্কওভার ও ৯টি কূপ ড্রিলিং রয়েছে। | পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় কোম্পানির উন্নয়ন কর্মকান্ড যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | **বর্তমানে প্রস্তাবিত ৫টি প্রকল্প রয়েছে যেগুলোর সার্বিক অবস্থা নিম্নরূপ:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক) তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর (Deep) অনুসন্ধান কূপ খনন প্রকল্প। | প্রকল্প সমন্বয়ক সভাকে অবহিত করেন যে, তিতাস-৩১ কূপের জন্য অধিযাচনকৃত ভূমির উন্নয়ন এবং বাউন্ডারি ওয়াল ও রিটেইনিং ওয়াল নির্মাণ কাজ পুরকৌশল বিভাগ কর্তৃক ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। পূর্বদিকের বাউন্ডারি সংশ্লিষ্ট আপত্তি উত্থাপনকারী ভূমির মালিক বিদ্যমান আর্থিক হারে পৈত্রিক সম্পত্তি ছাড়তে রাজি হওয়ায় তার সাথে পৃথক চুক্তি সম্পাদন করা হবে। অপরদিকে বিকেবি-১১ কূপ সংশ্লিষ্ট অধিযাচনতব্য ভূমির যৌথ জরিপ সম্পন্ন শেষে নোটিশ জারি করা হচ্ছে। সকল কার্যক্রম সম্পন্ন করে উক্ত ভূমি আগস্ট, ২০২৫ মাস নাগাদ হস্তগত হবে বলে আশা করা যাচ্ছে। গত ২৬.৬.২০২৫ তারিখে প্রকল্পের ডিপিপি অনুমোদন হয়েছে। | প্রকল্প সংশ্লিষ্ট Land requisition এবং Land development কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদনে অধিকতর গুরুত্ব দিতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/(টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা)/ (এস্টেট) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/সমন্বয়ক |
| | খ) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্প। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস ফিল্ডে ০২টি নতুন কূপ তিতাস-৩২ ও ৩৩ খননের লক্ষ্যে নিজস্ব ও জিওবি অর্থায়নে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের পরবর্তী প্রক্রিয়াকরণের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্প সমন্বয়ক তিতাস-সি লোকেশনের তিতাস-৩৩নং কূপ এলাকায় অবস্থিত অস্থায়ী আনসার ক্যাম্প ও ZICOM-এর অফিস/আবাসন প্রকল্প কার্যক্রম শুরুর পূর্বে স্থানান্তর করা প্রয়োজন হবে মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | তিতাস ফিল্ডে ০২টি নতুন কূপ তিতাস-৩২ ও ৩৩ খননের জন্য গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>তিতাস-৩৩নং কূপ এলাকায় অবস্থিত অস্থায়ী আনসার ক্যাম্প স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিরাপত্তা বিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| | গ) তিতাস-১৫ এবং বিকেবি-২ নং কূপ ওয়ার্কওভার প্রকল্প। | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, তিতাস-১৫ এবং বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণ করা হচ্ছে। জিডিএফ ও নিজস্ব অর্থায়নে প্রস্তাবিত এ প্রকল্পটি গ্রহণের লক্ষ্যে আইআইএফসি'র মাধ্যমে feasibility study করা হচ্ছে। | তিতাস ফিল্ডের ১৫নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম এগিয়ে নিতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| ৩.৬। | ফিল্ডসমূহের জন্য Fire License সংগ্রহ। | উপমহাব্যবস্থাপক (ইএস) সভাকে অবহিত করেন যে, কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ এবং বাজেট খাত নির্ধারণের লক্ষ্যে বিষয়টি মহাব্যবস্থাপকগণের সভায় পর্যালোচনা করা প্রয়োজন। | কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা গ্রহণ এবং বাজেট খাত নির্ধারণের লক্ষ্যে বিষয়টি মহাব্যবস্থাপক (পিডি) কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপনের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৩.৭। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডের ECC পাওয়া গিয়েছে। এ ফিল্ডের ETP স্থাপন কার্যক্রম নিয়োজিত ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। | বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপনের কাজ যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)। | সভাকে অবহিত করা হয় যে, APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানি সচেষ্ট আছে। অপরদিকে APA এর ফাইভ টুলস্ NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, Citizen Charter এবং RTI এর ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিসমূহ কাজ করছে। | APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.৯। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, ২০২৫-২৬ অর্থবছরের জন্য গৃহীতব্য উদ্ভাবনী (Innovation) কার্যক্রম বিষয়ে ইনোভেশন টিম সচেষ্ট আছে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত করার লক্ষ্যে করণীয় নির্ধারণ করা যেতে পারে। | ২০২৫-২৬ অর্থবছরের জন্য গৃহীতব্য উদ্ভাবনী (Innovation) কার্যক্রম বিষয়ে ইনোভেশন টিম উদ্যোগ গ্রহণ করবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৪.০।** | **কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন:** | | | |
| | কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রম | মহাব্যবস্থাপক (সিজি) সভাকে অবহিত করেন যে, কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রমে কোম্পানির কর্মরত জনবলের টিম আন্তর্জাতিক মানের কর্মদক্ষতা অর্জন করেছে। তিতাস-ই এবং জি তে কম্প্রেসর বসানো হলেও এ টিম প্রয়োজনীয় মেইনটেন্যান্স কার্যক্রম সম্পাদনে সক্ষম হবে। ব্যবস্থাপনা পরিচালক সংশ্লিষ্ট টিমের প্রতি ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন করেন। মহাব্যবস্থাপক (সিজি) এ টিমের মাধ্যমেই কোম্পানির সকল ফিল্ড/স্থাপনার কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রম পরিচালন করা যাবে মর্মে সভাকে অবহিত করেন। | কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রমে দক্ষ জনশক্তি গড়ে তোলা কোম্পানির জন্য বড় চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবেলায় একটি দক্ষ টিম গড়তে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ সিজি) |
| **৫.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৫.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | ফিল্ড ইনচার্জ সভাকে অবহিত করেন যে, কামতা ফিল্ডের ৪টি মৌজার অধিকাংশ ভূসম্পত্তির নামজারি সম্পন্ন হয়েছে। তবে, ৩টি মৌজার প্রায় ২.৮২ একর ভূসম্পত্তির নামজারির কার্যক্রম ভূমি অধিদপ্তরের সার্ভার সমস্যার জন্য সম্পাদনে বিলম্ব হচ্ছে। | কামতা ফিল্ডের ভূ-সম্পত্তির অবশিষ্ট অংশের নামজারি সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ৫.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। কামতা ফিল্ডের উলুখোলা বাজার এবং মেঘনা ফিল্ডের মরিচাকান্দি বাজার এলাকাস্থ কোম্পানির ভূমি কাঁটাতারের বেড়া দিয়ে ঘিরে দেয়া যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | কামতা ফিল্ডের উলুখোলা বাজার এবং মেঘনা ফিল্ডের মরিচাকান্দি বাজার এলাকাস্থ কোম্পানির ভূমি কাঁটাতারের বেড়া দিয়ে ঘিরে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য ফিল্ড ইনচার্জগণ কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পুরকৌশল বিভাগকে অফিস স্মারক প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৩। | কোম্পানির ফেনী গ্যাস ফিল্ডের ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির রেকর্ডে ফেনী গ্যাস ফিল্ড অন্তর্ভুক্ত আছে। এ ফিল্ডের হালনাগাদ তথ্য-উপাত্ত সম্বলিত প্রতিবেদন উপস্থাপনের জন্য ইতোপূর্বে একটি কমিটি গঠন হয়। কমিটির কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। | বিজিএফসিএল-এর উন্নয়ন কর্মপরিকল্পনার অধীনে ফেনী গ্যাস ফিল্ড-কে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে দ্রুত কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক/ কোম্পানি সচিব ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| **৬.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৬.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে উচ্চ আদালতে ২৫টি (ভূমি সংক্রান্ত-২টি, প্রশাসনিক-১৫টি ও অর্থ মামলা-৮টি) এবং নিম্ন আদালতে ২১টি (ভূমি সংক্রান্ত-১২টি, প্রশাসনিক-৭টি ও অর্থ মামলা-২টি) সর্বমোট ৪৬টি মামলা রয়েছে। ইতিমধ্যে ২টি মামলা নিষ্পত্তি হয়েছে। নতুন করে প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্রাপ্ত ৭৭টি আবেদন গঠিত কমিটি কর্তৃক যাচাই-বাছাই করা হচ্ছে। | ১। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জন্য অধিকতর তৎপর হতে হবে।<br><br>২। নতুন করে প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| **৭.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৭.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। | ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তকরণ সাপেক্ষে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/ (পিডি)/(অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৭.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের বিষয়ে কার্যব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের লক্ষ্যে মালামালের তালিকা সম্বলিত কমিটির প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৭.৩। | কম্পিউটার ও একসেসরিজ | মহাব্যবস্থাপক (এমটি এন্ড আইসিটি) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বর্তমানে সকল কর্মকর্তার দাপ্তরিক কাজে কম্পিউটার আবশ্যক বিধায় ডিপার্টমেন্টভিত্তিক কম্পিউটার, প্রিন্টার, সংশ্লিষ্ট অন্যান্য ডিভাইস সংখ্যা ও নেটওয়ার্কিং সংবলিত একটি গাইডলাইন প্রণয়ন করা প্রয়োজন। তিনি অপারেটিং সফট্ওয়্যার উইনডোজ-১০ সহসাই বাতিল হয়ে যাচ্ছে বিধায় কোম্পানির সকল কম্পিউটারে উইন্ডোজ-১১ ব্যবহারের প্রয়োজনীয়তার কথা জানান এবং এক্ষেত্রে এমএস অফিস ও অপারেটিং সিস্টেম (উইন্ডোজ-১১) এর অরিজিনাল লাইসেন্স (এন্টারপ্রাইজ ভার্সন) কেন্দ্রীয়ভাবে সংগ্রহ করে কোম্পানির সকল কম্পিউটারে ইনস্টলেশনের ব্যবস্থা করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। | কম্পিউটার ক্রয়, ব্যবহার, রক্ষণাবেক্ষণ, আপগ্রেডেশন এবং অপারেটিং সফটওয়্যার সার্ভিস ও কাস্টমাইজড সফট্ওয়্যার সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ বিষয়ে একটি খসড়া গাইডলাইন প্রণয়ন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি) এবং ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৮.১। | মানবসম্পদ উন্নয়ন ও নিরাপত্তা | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে এপিএ এবং এপিএ-এর ৫ টুলস্ এর প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার শতভাগ মানবসম্পদ বিভাগ কর্তৃক পূরণ করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে কোম্পানির ভিজিলেন্স কমিটি কর্তৃক নিরাপত্তা-পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন এবং যথারীতি প্রতিবেদন দাখিল করা হচ্ছে। তবে, তিনি ভিজিলেন্স কার্যক্রমের জন্য মহাব্যবস্থাপক মহোদয়গণকে সম্পৃক্ত করে পরিদর্শন সিডিউল প্রণয়ন এবং পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত তথ্যাদির যথার্থতা নিশ্চিত করার জন্য উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) -কে পরামর্শ প্রদান করেন। | কোম্পানির মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে এপিএ এবং এপিএ-এর ৫ টুলস্ এর ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে হবে।<br><br>কোম্পানির সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে হবে। ভিজিলেন্স কার্যক্রমের জন্য মহাব্যবস্থাপকগণকে সম্পৃক্ত করে পরিদর্শন সিডিউল প্রণয়ন এবং পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত তথ্যাদির যথার্থতা নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৮.২। | কোম্পানির চিকিৎসা সেবা | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে অধিকতর ফলপ্রসূতা আনয়নের লক্ষ্যে একটি কাস্টমাইজড সফট্ওয়্যার সংগ্রহ করা হয়েছে, যা ১-৭-২০২৫ তারিখ হতে চালু হবে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৮.৩। | নিয়োগ ও পদোন্নতি | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, গত সপ্তাহে ৭জন কর্মকর্তার পদোন্নতি প্রদান করা হয়েছে। বর্তমানে পদোন্নতিযোগ্য শূন্য পদ নেই। নিয়োগযোগ্য শূন্য পদ পূরণের লক্ষ্যে পেট্রোবালার সমন্বিত নিয়োগ প্রক্রিয়ায় কোম্পানির জন্য মনোনীত ১০৭জন প্রার্থী সহসাই যোগদান করবেন বলে আশা করা যাচ্ছে। এছাড়া, ৬৫জন সহকারী কর্মকর্তা/ সহঃ কারিগরী কর্মকর্তা নিয়োগের প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে এবং ৯০জন কর্মচারীর নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। | অনুমোদিত সাংগঠনিক কাঠামো এবং কর্মরত জনবল ও শূন্য পদের পরিসংখ্যান বিবেচনায় জনবলের বাস্তবভিত্তিক অবস্থা পর্যালোচনা করে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| ৯.০। | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ৯.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, ২০২৪-২৫ অর্থবছর শেষ হচ্ছে। এ অর্থবছরের সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালিত হয়েছে বিধায় তিনি সকলের সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি কোম্পানির অপারেশনাল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনসহ ব্যয়ের ক্ষেত্রে মিতব্যয়ী হওয়ার জন্য বিগত ৭৩২তম বোর্ড সভায় প্রদত্ত নির্দেশনা সভাকে অবহিত করেন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছ্রতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

আলোচনা শেষে ব্যবস্থাপনা পরিচালক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

- দাপ্তরিক কাজে অফিস এরিয়ার বাহিরে গেলে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট হতে ‘ভ্রমণ আদেশ’-এ পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে।

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৫ আষাঢ় ১৪৩২
২৯ জুন ২০২৫

১১-০৭-২০২৫
প্রকৌঃ মোঃ ফারুক হোসেন
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.১৮.০০০১.২৫.৭৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক/ফিল্ড ইনচার্জ।
৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১১-০৭-২০২৫
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক